# দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবাপ্রদান প্রক্রিয়া সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সেপ্টেম্বর, ২০১৭ মাসের ইনোভেশন কমিটির সভার কার্যবিবরনী

সভাপতিঃ জনাব এম.খালিদ মাহমুদ
পরিচালক (পরি: ও উন্নয়ন)

স্থানঃ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর অফিসকক্ষ (৫মতলা)।
তারিখঃ ২৭-০৯-২০১৭ খ্রি
সময়ঃ সকাল ১১:০০টা।
উপস্থিতিঃ পরিশিষ্ট-ক সংযুক্ত।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদানপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্য (Innovation) বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ইনোভেশন কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় কমিটির সভাপতি পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রারম্ভিক বক্তব্য প্রদান করেন এবং উপ-পরিচালক (পরিকল্পনা) এর অনুপস্থিতিতে উপ-পরিচালক (প্রশিক্ষন)-কে আলোচ্য বিষয় উপস্থাপনের আহবান জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ২.১ | Provide official mobile sim cards for all DDM officials | উপ-পরিচালক (প্রশমন) জানান যে, ইতোমধ্যে গ্রামীণ ফোন কর্তৃক ১০০০ (এক হাজার) কর্পোরেট সিম সরবরাহ করা হয়েছে। অধিদপ্তরের পক্ষ হতে পরিচালক (প্রশাসন) বায়োমেট্রিক রেজিস্ট্রেশন সম্পন্ন করার মাধ্যমে সিম গুলো একটিভ/চালু করা এবং জ্যেষ্ঠতার ভিত্তিতে অধিদপ্তর, বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের মাঝে সিম বিতরনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। মোবাইল হ্যান্ডসেট এর বিষয়ে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান, SMoDMRPA প্রকল্পের অর্থায়নে সকল কর্মকর্তাগণের জন্য হ্যান্ডসেট সরবরাহের একটি বাজেট প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হলেও তার অনুমোদন পাওয়া যায়নি। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও পরিচালক (প্রশাসন) |
| ২.২ | Include 'Innovation' in DDM's training module(s) | এ বিষয়ে উপ-পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, ইনোভেশনের বিষয়টি প্রশিক্ষণ কোর্সের অন্তর্ভূক্ত করা হয়েছে। A2i এর প্রশিক্ষক কর্তৃক উক্ত ইনোভেশন সংক্রান্ত ক্লাশটি পরিচালনা করা হচ্ছে। ইনোভেশন বিষয়ে সময় বাড়ানোর প্রয়োজনীয়তা থাকলে A2i এর প্রশিক্ষক এর সাথে আলোচনা করে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে। | উপ-পরিচালক (প্রশিক্ষণ) |
| ২.৩ | Organize innovation related training for DDM officials | চলতি বৎসরের বাজেট বরাদ্দ থেকে অনতিবিলম্বে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে ০২ দিনব্যাপী ইনোভেশন এবং Annual Performance Agreement (APA) বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করার জন্য উপ-পরিচালক (প্রশিক্ষন) কে প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ করা হয়। | উপ-পরিচালক (পরিকল্পনা) ও উপ-পরিচালক (প্রশিক্ষন) |
| ২.৪ | Monitor wing-wise implementation of E-filing | এ বিষয়ে জনাব প্রবীর কুমার দাস সভাকে জানানযে, ইতোমধ্যে অধিকাংশ অধিশাখায় ই-ফাইলিং এর কাজ শুরু হয়েছে। ই-ফাইলিং এর কাজ পুরোপুরিভাবে চালু করার জন্য প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট প্রশাসন অনুবিভাগ হতে আগামী ২০/১০/২০১৭ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সরবরাহ নিশ্চিত করবে। এছাড়া Telex খাত বা প্রয়োজনীয় খাতের কোড চাইতে হবে ও বরাদ্দ বাড়ানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রশাসন (অনুবিভাগ) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ২.৫ | Gravience Redresal System (GRS) | এ বিষয়ে প্রোগ্রামার জনাব প্রবীর কুমার দাস জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে GRS সফটওয়ার ব্যবহারের অনুমতি পাওয়া গেলে এটি বাস্তবায়ন করা সম্ভব হবে। | প্রোগ্রামার |
| ২.৬ | IT based operationalization of the help desk | প্রশাসন অনুবিভাগ হেল্প ডেস্ক স্থাপন এবং হেল্প ডেস্কে জনবল নিয়োগের বিষয়টি নিশ্চিতকরণ পূর্বক প্রয়োজনীয় কম্পিউটার, প্রিন্টার ইত্যাদি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবে। সেই সাথে দায়িত্ব পালনকারী সিকিউরিটি গার্ডদের ইউনিফর্ম সরবরাহের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে ডিজিটাল একসেস কার্ড প্রদান করা হয় হয়েছে বলে জানানো হয়। | পরিচালক (প্রশাসন) |
| ২.৭ | Digital gate & digital display in entrance of DDM | Digital gate স্থাপনের বিষয়ে জনাব মোঃ হাফিজুর রহমান, পিআইও দ্রুত স্থাপত্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করে নকসা সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | জনাব মোঃ হাফিজুর রহমান, পিআইও |
| ২.৮ | Build a disble-accessible toilet in the DDM<br>Build a disble-accessible operation system in the lift of the DDM Build a ramp in the DDM | অধিদপ্তরের বর্তমান লিফট ০২টির মধ্যে যেকোন ০১টি কে বেইজমেন্ট পর্যন্ত সম্প্রসারণ করে Ramp নির্মাণ না করে ভবনের পূর্ব দিকে গাড়ী চালকদের জন্য ব্যবহৃত পথের পাশে Ramp নির্মাণ করা হলে সেটি বেশী উপযোগী হবে। এর জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করে দ্রুত Ramp নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রতিবন্ধীদের ব্যবহার উপযোগী টয়লেট স্থাপনের বিষয়ে CDD এর নিকট হতে ডিজাইন, স্পেসিফিকেশন, ক্যাটালগ ইত্যাদি সংগ্রহপূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন। | জনাব মোঃ হাফিজুর রহমান, পিআইও |
| ২.৯ | Reorganization of the DDM library | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক লাইব্রেরী শাখাটি প্রশিক্ষণ ও গবেষণা অনুবিভাগের আওতায় থাকবে। উক্ত অনুবিভাগ লাইব্রেরীর তত্ত্বাবধান করবেন এবং অতিরিক্ত বইসমূহ নবম তলার খালি কক্ষে সংরক্ষণের ব্যবস্থা করবেন এবং তা আগামী ৩১/১০/২০১৭ তারিখের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করবেন। | পরিচালক (প্রশাসন/গবেষনা ও প্রশিক্ষণ)<br>উপ-পরিচালক (প্রশাসন-১/ প্রশিক্ষণ) |
| ২.১০ | Prepare E-service roadmap for DDM | অধিদপ্তরের প্রস্তুতকৃত ও ইতোমধ্যে মন্ত্রণালয় এবং A2i অফিসে প্রেরিত ই-সার্ভিস রোডম্যাপ বাস্তবায়নে প্রয়োজনে প্রকল্প গ্রহণের উদ্যোগ নিতে হবে। | উপ-পরিচালক (পরিকল্পনা) |
| ২.১১ | Organize APA related training for DRROs | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের জন্য APA এর বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে উপ-পরিচালক (প্রশিক্ষন) জানানযে, প্রশিক্ষণ শাখার বাজেট হতে এ প্রশিক্ষণ পরিচালনা করা যাবে। এক্ষেত্রে ডিআরআরওদের জন্য APA ও শুদ্ধাচার একত্রে এবং ইনোভেশন প্রশিক্ষণ পৃথকভাবে করা সমিচীন হবে। | উপ-পরিচালক (পরিকল্পনা/ প্রশিক্ষণ) |
| ২.১২ | বিবিধঃ প্রণোদনা | ক) ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিটি অনুবিভাগ হতে শ্রেষ্ঠ কর্মকর্তা এবং কর্মচারী নির্বাচন করার ক্ষেত্রে যে সকল বিষয় বিবেচনা করা হবে তা লিখিত আকারে জারী করার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>খ) অধিদপ্তরের গুরুত্বপূর্ণ কর্মকান্ডের সচিত্র ডকুমেনটেশন তৈরী ও ফেসবুকে তা আপ-লোড করার জন্য উপ-পরিচালক (এমআইএম)-কে আহবায়ক এবং প্রোগ্রামার জনাব প্রবীর কুমার দাস ও কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট-কে সদস্য করে ০৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন হয়েছে এবং ToR | উপ-পরিচালক (পরিকল্পনা/ প্রশাসন-১/ প্রশাসন-২/ প্রশমন/ প্রশিক্ষন/ এমআইএম) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | | মোতাবেক প্রতিবেদন তৈরী করার জন্য কমিটিকে বলা যেতে পারে। উক্ত কমিটির একটি ToR তৈরী পূর্বক আগামী সভায় উপস্থাপন করতে হবে। এই কমিটি অধিদপ্তরের গুরুত্বপূর্ণ বিষয়সমূহ এবং তার সচিত্র তথ্য ফেসবুকে আপলোড করার ব্যবস্থাগ্রহণ করবে। পরিচালক (প্রশাসন) এ বিষয়ে আদেশ জারীসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১০/১৭

এম.খালিদ মাহমুদ
(যুগ্মসচিব)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
সভাপতি, ইনোভেশন টিম
ফোন: ৯৮৫৮৭৫৫

স্মারক নং-৫১.০১.০০০০.০০৩.০৬.০১৭.১৩- ৪৫২ তারিখঃ ২৯-১০-২০১৭ খ্রিঃ

**বিতরণঃ**

১। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ ও গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন/এমআইএম/ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। উপ-পরিচালক (প্রশাসন-১/প্রশাসন-২/প্রশিক্ষণ/প্রশমন/এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রোগ্রামার (চঃদাঃ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক (প্রশাসন/যানবাহন/জিআইএস), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। জনাব মোঃ হাফিজুর রহমান, পিআইও, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৯/১০/১৭

**(নুরুন্নাহারচৌধুরী)**
উপ-সচিব
উপ-পরিচালক (পরিকল্পনা)
ও
সদস্য-সচিব
ইনোভেশন টিম
ফোনঃ ৯৮৫৯৬৩১